



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 19
Class - 2

Subject : Bengali Text
Topic : ধন্য ডাক্তারি

Date : 06.11.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) বদ্যিনাথ কোথাকার লোক, কোথায় গিয়ে তার সর্দি হয়েছিল ও সর্দি হওয়ায় সে আচ্ছা করে কী কী নিয়েছিল, আচ্ছা করে কথাগুলির অর্থ লেখ।

উঃ বদ্যিনাথ পল্লিগ্রামের লোক। কলকাতায় গিয়ে তার সর্দি হয়েছিল। সর্দি হওয়ায় সে আচ্ছা করে জোলাপ ও নসি নিয়েছিল। আচ্ছা করে কথাগুলির অর্থ হল বেশি করে।

২) 'ধন্য ডাক্তারি' কবিতায় কার অসুখ করেছিল ও সে কী শুনে অবাক হয়েছিল এবং কেন অবাক হয়েছিল?

উঃ 'ধন্য ডাক্তারি' কবিতায় বদ্যিনাথের অসুখ করেছিল। সে ডাক্তারের ডাক্তারির ব্যবস্থা শুনে অবাক হয়েছিল। বদ্যিনাথ গ্রামের লোক হলেও অন্তত এটা জানে যে, সামান্য সর্দির জন্য এক্স-রে করা, থার্মোমিটার মুখে রাখা ও আইস্-ব্যাগ মাথায় দিয়ে থাকা, ইঞ্জেকশান নেওয়া ও অক্সিজেন দেওয়া এসবের কোনো দরকার নেই। তাই সে এইসব ডাক্তারির ব্যবস্থা শুনে অবাক হয়েছিল।

৩) 'ধন্য ডাক্তারি' কবিতায় ব্যবহৃত ইংরেজি শব্দগুলি লিখে তার পাশে সেগুলি কী কী কাজে লাগে লেখ।

উঃ এক্স-রে — এর দ্বারা মানুষের শরীরের ভিতরের ছবি ফুটিয়ে তোলা হয়। আইস্-ব্যাগ — এর মধ্যে বরফ রেখে মাথায় চেপে ধরা হয়। থার্মোমিটার — এই যন্ত্রের সাহায্যে দেহের তাপ মাপা হয়। ইঞ্জেকশান — ইহার সরু নল দ্বারা প্রয়োজনীয় ওষুধ দেহের মধ্যে পাঠানো হয়।

_____ x _____

Rita Das